উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভা.ম/ উপজেলা কমিটি/২০২২-                    তারিখঃ ১০/০৩/২০২২ খ্রিঃ।

## নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি ঃ

১। ভালুকা উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতির পিতার জন্মদিন, জাতীয় শিশু দিবস ও স্বাধীনতা দিবস উদযাপন সম্পর্কিত কার্যক্রম এর জন্য আলোচনা ।

২। বিবিধ।

(সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৪। জেলা কালচারাল অফিসার, ময়মনসিংহ।
৫। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভালুকা।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ভালুকা উপজেলা শাখা।
৭। চেয়ারম্যান................................................ইউ.পি.।
৮। জনাব ....................................................... সদস্য, উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটি, ভালুকা, ময়মনসিংহ।
৯। অফিস কপি।

১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্কৃতি বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রঃ নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব সেলিনা আক্তার,<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ভালুকা। | আহবায়ক | |
| ২. | জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ | সদস্য | |
| ৩. | মেয়র, ভালুকা পৌরসভা<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান<br>১১নং রাজৈ ইউনিয়ন পরিষদ<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য | |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ভালুকা, ময়মনসিংহ। | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়নঅফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

## সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব সেলিনা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান , ভালুকা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৫/০৩/২০২২খ্রিঃ, সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়নঅফসার ও সদস্য সচিব কে ভালুকা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সভাপতি জানান যে ,আজ ১৭ মার্চ। বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মদিন। সারাদেশে দিনটি জাতীয় শিশু দিবস হিসাবেও উদযাপিত হইতেছে মহা সমারোহে। ১৯২০ সালের এইদিনে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২২খ্রি. উদযাপন উপলক্ষে ভালুকা উপজেলায় উপজেলা প্রশাসনের আয়োজনে বর্ণাঢ্য আনন্দ র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। শিশু অধিকারও নানাভাবে পদদলিত হইতেছে। গ্রামে-গঞ্জে এখনও শিশুর অপুষ্টি একটি প্রধান সমস্যা। এইসব সমস্যা কাটাইয়া উঠিবার জন্য এবং ঘরে-বাহিরে শিশুর নিরাপত্তা ও উন্নয়ন নিশ্চিত করিবার জন্য আমাদের সর্বপ্রকার উদ্যোগ গ্রহণ করিতে হইবে। তবেই বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্ন পূরণ হইবে। তাহার জন্মদিনটি জাতীয় শিশু দিবস হিসাবে পালনও মূলত একটি সার্থক, সুন্দর ও তাৎপর্যপূর্ণ প্রয়াস।<br>সন্ত্রাস ও জঙ্গিবাদ রুখে সমৃদ্ধ বাংলাদেশের গড়ার দৃঢ় প্রত্যয়ের মধ্যে ৫০ তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন হবে। যখন মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হাজার হাজার মানুষের স্রোত, স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ভালুকায় দিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হবে । এসব কর্মসূচি থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের অসাম্প্রদায়িক আধুনিক উন্নত রাষ্ট্র বিনির্মাণ ও মুক্তিযুদ্ধের সুমহান চেতনা সমুন্নত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হবে।দিবসটি উপলক্ষে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে জাতি উদযাপন করে এই দিনটিকে। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সব সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যে ছিল জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্ড়বক নিবেদন, শিশু-কিশোরদের কুচকাওয়াজ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক নিবেদন, সরকারি ভবনে আলোকসজ্জা, মসজিদ, মন্দির ও প্যাগোডায় দেশের কল্যাণ কামনায় প্রার্থনা ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কেন্দ্র, হাসপাতাল, সরকারি শিশুসদনসহ বিভিন্ন প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। | সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়াতে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( সেলিনা আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভালুকা।

স্মারক নং-উ.ম.বি.অ/ভা.ম/২০২২-
তারিখঃ ঃ১৫/০৩/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান............................................ইউপি, ভালুকা, ময়মনসিংহ।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ভালুকা, ময়মনসিংহ।